# ভারতীয় আধিপত্যের অবসান ঘটিয়েই পূর্ণ স্বাধীনতা নিশ্চিত করা হবে: হাসনাত




সংগৃহীত ছবি

বাংলাদেশে এখনও ভারতীয় আগ্রাসন ও আধিপত্যবাদ বহাল রয়েছে উল্লেখ করে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ বলেছেন, এই আধিপত্যের অবসান ঘটিয়েই দেশের চূড়ান্ত স্বাধীনতা অর্জন সম্ভব। তিনি দেশবাসীকে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান।

মঙ্গলবার (১৬ ডিসেম্বর) রাজধানীর বাংলামোটরে জাতীয় নাগরিক পার্টির উদ্যোগে আয়োজিত 'আগ্রাসনবিরোধী' কর্মসূচিতে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন হাসনাত আব্দুল্লাহ।

তিনি বলেন, একাত্তরে পাকিস্তানি হানাদার বাহিনী ভয়াবহ গণহত্যা চালিয়েছে, লক্ষাধিক মানুষকে হত্যা করেছে এবং মা-বোনদের সম্ভ্রমহানি করেছে। দীর্ঘ সংগ্রামের মধ্য দিয়ে সে দৃশ্যমান দখলদার শক্তিকে দেশ থেকে বিতাড়িত করা সম্ভব হয়েছে। তবে স্বাধীনতার এত বছর পরও বাংলাদেশ ভারতীয় আগ্রাসন ও আধিপত্যের ছায়া থেকে পুরোপুরি মুক্ত হতে পারেনি বলে মন্তব্য করেন তিনি।

LENS ASIA

হাসনাত আব্দুল্লাহ আরও বলেন, "আমরা চব্বিশ থেকে অদৃশ্য আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে প্রতিরোধ শুরু করেছি। এই সংগ্রাম কোনো ব্যক্তি বা দলের নয়, এটি দেশের সার্বভৌমত্ব রক্ষার লড়াই। যতদিন না আধিপত্যবাদ উৎখাত হচ্ছে, ততদিন এই আন্দোলন চলবে।"

এ সময় তিনি অভিযোগ করে বলেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতাকে ভারতের বিজয় হিসেবে উপস্থাপনের অপচেষ্টা চালাচ্ছেন, যা বাংলাদেশের স্বাধীন ইতিহাস ও আত্মমর্যাদার প্রতি অবমাননাকর।

সমাবেশে এনসিপির বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। তারা দেশের সার্বভৌমত্ব রক্ষা ও বিদেশি আগ্রাসনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেন।